

আইইবি বাংলাদেশ প্রেসিডেন্ট ও অস্ট্রেলিয়া চ্যাপ্টারের দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত

June 18, 2019

0
Shares



প্রশান্তিকা ডেস্ক: গত ১৩ জুন সিডনির ওয়েন্টওর্থ সফিটেল হোটেলে অনুষ্ঠিত হয় ২৮তম অস্ট্রেলিয়ান একাডেমী অফ টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ইনোভেশন এন্ড এ্যাওয়ার্ড বা সেরা উদ্ভাবন সম্মাননা প্রদান অনুষ্ঠান। অস্ট্রেলিয়ান একাডেমী অব টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং কর্তৃক আয়োজিত এ অনুষ্ঠানে দেশটির নির্বাচিত সেরা বিজ্ঞানী, প্রযুক্তিবিদ ও প্রকৌশলীদের তাঁদের উদ্ভাবনের জন্য সম্মাননা দেওয়া হয়।

এ অনুষ্ঠান উপলক্ষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইইবি) এর সম্মানিত প্রেসিডেন্ট, বাংলাদেশ আওয়ামীলীগের বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক প্রকৌশলী ড. আব্দুস সবুর, ইঞ্জিনিয়ার্স অস্ট্রেলিয়া (ইএ) এর সভাপতি, সিডনি বিভাগের জনাব ব্রুস হাওয়ার্ড এবং ইএ এর জেনারেল ম্যানেজার জনাব গ্রেগ ইভিং, আইইবি অস্ট্রেলিয়া চ্যাপ্টারের চেয়ারম্যান প্রকৌশলী আব্দুল মতিন, সাধারণ সম্পাদক ড. আহম কামরুজ্জামান প্রমুখ। অস্ট্রেলিয়া সরকারের শিল্প, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী অ্যান্ডরুস এমপি অনুষ্ঠানটি উদ্বোধন করেন। ইএ এর সিডনি বিভাগের প্রেসিডেন্ট ব্রুস হাওয়ার্ড এবং জেনারেল ম্যানেজার গ্রেগ ইভিং আইইবি অস্ট্রেলিয়া চ্যাপ্টারের জন্য নিরলস কাজ করে যাচ্ছেন। গত বছর ৪ ডিসেম্বরে সিডনিতে অনুষ্ঠিত ১২০ বাংলাদেশী প্রকৌশলীদের চার্টার্ড প্রফেশনাল ইঞ্জিনিয়ারিং (সিপিইঞ্জ) সেমিনারে তারা উপস্থিত ছিলেন। সেখানে ইএ এর সম্মানিত সিইও পিটার ম্যাকইনটাইরে এবং অস্ট্রেলিয়ায় নিযুক্ত বাংলাদেশ হাইকমিশনার মোহাম্মদ সফিউর রহমানও উপস্থিত ছিলেন।



সফিটেলের অনুষ্ঠানে দুই প্রেসিডেন্ট বাংলাদেশী পেশাদার প্রকৌশলী অস্ট্রেলিয়ানদের সাথে কিভাবে শক্তিশালী দ্বিপাক্ষিক সম্পর্ক তৈরি করতে পারে সে বিষয়ে আলোচনা হয়। অনুষ্ঠানে আইইবি বাংলাদেশের প্রেসিডেন্ট প্রকৌশলী ড. আব্দুস সবুর আগামী ২০২০ সালের শুরুতে বাংলাদেশে অনুষ্ঠিতব্য আইইবিবি সম্মেলনে ইএ এর প্রেসিডেন্ট ও জেনারেল ম্যানেজারকে অংশগ্রহণের আমন্ত্রণ জানান।
সংবাদ বিজ্ঞপ্তি।